

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা।

[কাস্টমস: অটোমেশন শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৭৪৯

তারিখ: ২৯.১১.২০২৩ খ্রি.

বিষয়: IM-4 সংশ্লিষ্ট আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণের লক্ষ্যে ওয়েবসাইটের মাধ্যমে আবেদন।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৬৬৯, তারিখ: ১৫.১০.২০২৩ খ্রি.।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে শুক্কায়ন কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত ও জাল-জালিয়াতির মাধ্যমে পণ্য খালাসের বিষয়টি সহজেই চিহ্নিত করার লক্ষ্যে সূত্রোক্ত পত্রের মাধ্যমে আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণের নির্দেশনা জাতীয় রাজস্ব বোর্ড হতে প্রদান করা হয়। IM-4 এর আওতায় আমদানিকৃত পণ্যের আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণের কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে <https://bdcams.bdcustoms.gov.bd> ওয়েবসাইটটি ডেভেলপ করা হয়েছে। এর মাধ্যমে খুব সহজেই একজন আমদানিকারক তার আমদানিতব্য পণ্যের সিএন্ডএফ এজেন্ট নির্ধারণের লক্ষ্যে অনলাইনের মাধ্যমেই আবেদন করতে পারবেন। উক্ত আবেদন সংশ্লিষ্ট কাস্টমস অফিসসমূহ হতে যাচাই বাছাই সাপেক্ষে দ্রুততম সময়ে অনলাইনের মাধ্যমেই সম্পাদন করা সম্ভব হবে। এছাড়া, সংযুক্তিকরণের সর্বশেষ অবস্থা ওয়েবসাইট হতেই জানা যাবে। ইতোমধ্যে সকল কাস্টম হাউস ও ল্যান্ড কাস্টমস স্টেশন সংশ্লিষ্ট কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট- এ কর্মরত আইটি কর্মকর্তাগণকে এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এক্ষেত্রে উল্লেখ্য যে, উক্ত ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে হলে জাতীয় রাজস্ব বোর্ডের আইভাস সিস্টেমে সংশ্লিষ্ট আমদানিকারকের হালনাগাদকৃত ফোন নম্বর এন্ট্রি থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ; এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট আমদানিকারকগণ সিএন্ডএফ এজেন্ট মনোনয়নের কার্যক্রম সম্পন্ন করতে পারবেন না।

০২। এমতাবস্থায়, আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তিকরণের বিষয়টি উপরিলিখিত ওয়েবসাইটের মাধ্যমে সম্পাদন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকল আমদানিকারকদের অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে, IM-4 এর অধীনে খালাস করা হয় এমন প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে তাদের মনোনীত সিএন্ডএফ প্রতিষ্ঠান সংযুক্তিকরণের সময়সীমা আগামী ৩১.০১.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হলো। উল্লেখ্য যে, IM-4 এর আওতায় আমদানিকারক প্রতিষ্ঠানসমূহ এ সংক্রান্ত আবেদন সংশ্লিষ্ট কাস্টম হাউস ও ল্যান্ড কাস্টমস স্টেশন সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটসমূহ



বরাবর উল্লিখিত ওয়েবসাইটের মাধ্যমে দাখিল করবেন এবং উক্ত দপ্তরসমূহে পদস্থ আইটি কর্মকর্তাগণ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে এ সংক্রান্ত প্রয়োজনীয় এন্ট্রি প্রদান করবেন।

০৩। বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।


২৩/১১/২০২৬

[মোঃ আবদুল কাইয়ুম]

দ্বিতীয় সচিব (কাস্টমস: অটোমেশন)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

ই-মেইল-ss.asycuda@gmail.com

ফোন: ০২২২২২১৭৭০০-০৯/এক্স-০৭৪০

প্রাপক (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১-০৬। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/মোংলা/পানগাঁও;
০৭-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/সিলেট/কুমিল্লা/ঢাকা (পশ্চিম)/রাজশাহী/রংপুর/যশোর/খুলনা/চট্টগ্রাম।

অনুলিপি:

- ১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। জনাব মোঃ জাহিদুর রহমান, সিস্টেম অ্যানালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড;
- ৩। দ্বিতীয় সচিব (কাস্টমস: অটোমেশন), জাতীয় রাজস্ব বোর্ড;
- ৪। পিএ টু সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।